**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
www.cbc.gov.bd

## পাশবুক শাখা

কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা দপ্তরের পাশবুক শাখার মাধ্যমে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান সমূহের বাংলাদেশস্থ স্থানীয় দপ্তরে কর্মরত প্রিভিলেজড পার্সনদের অনুকূলে পাশবই ইস্যু করা হয়। ইস্যুকৃত পাশবই এর মাধ্যমে উল্লিখিত প্রিভিলেজড পার্সনগণ ভোগ্যপণ্য এবং একটি মটরগাড়ী শুল্কমুক্তভাবে আমদানি সুবিধা পেয়ে থাকেন।

Privileged Persons (Customs Procedures) Rules, 2003 এর আওতা ও শর্তের অধীনে উল্লিখিত শুল্কমুক্ত আমদানি সুবিধা প্রদান করা হয় । বর্ণিত Rules এর অনুচ্ছেদ 3(2)(4) অনুযায়ী কোন প্রিভিলেজড পার্সনের বাংলাদেশে অব্যাহতভাবে বসবাসের মেয়াদ যদি ন্যুনতম ৬(ছয়) মাস হয়ে থাকে তবে তিনি বাংলাদেশে তার প্রথম আগমনের ৬(ছয়) মাসের মধ্যে অনাধিক ৫০,০০০ টাকা মূল্যমানের ব্যক্তিগতভাবে ব্যবহার্য ভোগপণ্য (Durebles) আমদানি করতে পারবেন । এছাড়াও Rules এর অনুচ্ছেদ 3(2) এর (6) অনুযায়ী বাংলাদেশে অব্যাহতভাবে বসবাসের মেয়াদ ০১(এক) বছর পুর্ণ হবার ক্ষেত্রে পরবর্তী ০২(দুই) বছরের প্রত্যেক বছর অনধিক ১৫,০০০/- টাকা মূল্যমানের ভোগ্যপণ্য আমদানি করা যাবে । অনুচ্ছেদ 3(2)(c) অনুযায়ী কোন প্রিভিলেজড পার্সনের বাংলাদেশে অব্যাহতভাবে বসবাসের প্রত্যাশিত মেয়াদ ন্যুনতম ১ বছর হলে তার প্রথম আগমনের ৬ মাসের মধ্যে তার নিজ/পরিবারের ব্যবহারের উদ্দেশ্যে একটি মোটরগাড়ী শুল্কমুক্তভাবে আমদানি করতে পারবেন ।

### পাশবই ইস্যুর পদ্ধতি :

১) পাশবই গ্রহণে ইচ্ছুক প্রিভিলেজড পার্সনগণ প্রথমত: তার সংস্থার প্রধানের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড বরাবর পাশবইয়ের আবেদনপত্র দাখিল করেন;

২) আবেদনপত্র যাচাইপূর্বক সঠিক বিবেচিত হলে বিধি অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কাস্টমস বন্ড কমিশনারেট বরাবর উক্ত ব্যক্তির অনুকূলে পাশবই ইস্যুর জন্য নির্দেশনাপত্র প্রেরণ করা হয়।

৩) উল্লিখিত নির্দেশনাপত্রে প্রাপ্তির পর বর্ণিত প্রিভিলেজড পার্সনের অনুকূলে তার নাম ফরম, জাতীয়তা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি সংবলিত করে পাশবই ইস্যু করা হয় এবং ইস্যু নম্বর যুক্ত সীল তার পাসপোর্টে সংশ্লিষ্ট সহকারী কমিশনারের স্বাক্ষরসহ প্রদান করা হয়।

৪) প্রিভিলেজড পার্সনের বাংলাদেশে অবস্থানের জন্য ভিসার মেয়াদ থাকা সাপেক্ষে ইস্যুর তারিখ হতে ১ বছর অথবা ঐ বছরের ৩১ শে ডিসেম্বর যেটি পূর্বে হয়, উক্ত তারিখ পর্যন্ত পাশবইটির মেয়াদ থাকবে। উক্ত মেয়াদ পূর্তির তারিখের অন্তত: ১৫ দিন পূর্বে ভিসার মেয়াদ থাকা সাপেক্ষে একইভাবে আবেদনপত্রে দাখিল পূর্বক পাশবইটি ইস্যুকারী কর্তৃপক্ষের (কাস্টমস বন্ড কমিশনারেট) নিকট হতে নবায়ন করার বিধান রয়েছে।

৫) কোন প্রিভিলেজড পার্সনের বাংলাদেশে অবস্থানের প্রত্যাশিত মেয়াদ ৯০ দিনের কম হলে তার অনুকূলে পাশবই ইস্যু করা হয় না।

### পাশবই ইস্যুর ক্ষেত্রে চাহিত দলিলাদি ।

- প্রিভিলেজড পার্সনের আবেদন;
- প্রিভিলেজড পার্সনের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সংস্থা প্রদানের অগ্রায়নপত্র ;
- জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা;
- পাসপোর্টের কপি;
- ভিসার কপি;
- প্রথম আগমন পত্র ।

## পাশবই নবায়নের ক্ষেত্রে চাহিত দলিলাদি

- নবায়ন আবেদনের সঙ্গে সংশ্লিষ্ট সংস্থা প্রধানের অগ্রায়নপত্র ;
- পাসপোর্টের কপি ;
- ভিসার কপি ।

## পাশবইয়ের ক্ষেত্রে কাস্টমস বন্ড কমিশনারেটের কার্য পরিধি

Privileged Persons (Customs Procedures) Rules, 2003 কাস্টমস বন্ড কমিশনারেট পাশবই ইস্যুকারী ও নবায়নকারী কর্তৃপক্ষ। তবে জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদন (নির্দেশনাপত্র) প্রাপ্তির পরই কেবল কাস্টমস বন্ড কমিশনারেট পাশবই শাখার মাধ্যমে পাশবই ইস্যুর কার্যক্রম গ্রহণ করে থাকে ।

## পাশবই শাখার কার্যাবলি:

ক) প্রিভিলেইজড পারসনদের অনুকূলে পাশবই ইস্যু, নবায়ন, গাড়িসহ দীর্ঘস্থায়ী দ্রব্য (Durables/Semi Durable items) এর নিস্পত্তি, পাশবই সমর্পণ বা বাতিল, ডিপ্লোমেটদের গাড়ীসহ Durables/Semi Durable items এর স্থানান্তর সম্পর্কিত কার্যক্রম সম্পাদন ;

(খ) ইপিজেড এ বিদেশী বিনিয়োগকারী ও সেখানে কর্মরত বিদেশী টেকনিশিয়ান ও অফিসারদের অনুকূলে পাশবই ইস্যু ও নবায়ন সম্পর্কিত কার্যক্রম ;

(গ) The Privileged persons (Customs procedures ) Rules, 2008 মোতাবেক পাশবই ইস্যু, নবায়ন, সমর্পন বা বাতিলকরণ ;

ঘ) পাসবই ইস্যু, নবায়ন, সমর্পণ বা বাতিল গাড়ীসহ দীর্ঘস্থায়ী দ্রব্য (Durables/Semi Durable items) এর নিস্পত্তি সংক্রান্ত নথিপত্র হিসাব, রেজিস্টার সংরক্ষণ এবং এতদসংক্রান্ত যাবতীয় পত্র যোগাযোগ ;

ঙ) সমর্পণকৃত পাশবই শাখায় সংরক্ষণ এবং এতদসংক্রান্ত তথ্য রেজিষ্টারে সংরক্ষণ;

চ) উপযুক্ত উপানুচ্ছেদ সমূহে বর্ণিত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড, অর্ধ:স্তণ দপ্তর ও অন্যান্য দপ্তরের সাথে পত্র যোগাযোগ এবং

ছ) কমিশনার কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্য যে কোন দায়িত্ব পালন ।

## পাশবইয়ের মাধ্যমে গাড়ি স্থানান্তর

বাংলাদেশে কর্মনিযুক্তি (Attachment) সমাপ্ত হওয়ার পর পাশবইয়ের মাধ্যমে শুল্কমুক্তভাবে আমদানিকৃত ডিউরেবল ও মটরগাড়ি সংশ্লিষ্ট প্রিভিলেজড পার্সন কর্তৃক পুন: রপ্তানি না হয়ে থাকলে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশানুসারে ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট পাশবই জমাদান পূর্বক উক্ত ডিউরেবলস ও মোটরগাড়ি সমর্পণ করার বিধান রয়েছে। তাছাড়া পাশবুকধারী ব্যক্তি জাতীয় রাজস্ব বোর্ডের পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে উক্ত মোটর গাড়ি/ডিউরেবলস শুল্ক/কর পরিশোধপূর্বক স্থানীয়ভাবে বিক্রয় অথবা শুল্কমুক্তভাবে অন্য কোন প্রিভিলেজড পার্সনের নিকট হস্তান্তর করতে পারেন।

পাশবইয়ের মাধ্যমে হস্তান্তরিত/শুল্ক-কর পরিশোধপূর্বক স্থানীয়ভাবে বিক্রীত মোটরগাড়ির তথ্য পাশবইয়ে নির্ধারিত পাতায় সংশ্লিষ্ট সহকারী কমিশনারের স্বাক্ষরসহ লিপিবদ্ধ করা হয়।

উল্লেখ্য যে, পাশবইয়ের মাধ্যমে ক্রয়কৃত গাড়ী/ডিউরেবলস এর তথ্যাদি পাশবইতে লিপিবদ্ধ করা হয় না। শুধুমাত্র পাশইয়ের মাধ্যমে ক্রয়কৃত গাড়ী হস্তান্তর/বিক্রয়ের ক্ষেত্রে উক্ত হস্তান্তর/বিক্রয় তথ্য সংশ্লিষ্ট পাশবইয়ে লিপিবদ্ধ করা হয়।

## পাশবই সমর্পণ :

কোন প্রিভিলেইজ পারসনের বাংলাদেশে কর্মনিযুক্তি সমাপ্ত হওয়ার অথবা প্রিভিলেজড পারসন হিসেবে তিনি বিবেচিত হতে পারেন এরূপ দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণের ন্যূনতম ১(এক) সপ্তাহ পূর্বে তাকে পাশবই ইস্যুকারী কর্তৃপক্ষ (কাস্টমস বন্ড কমিশনারেট) এর নিকট উল্লিখিত পাশবইটি সমর্পণ করতে হবে।

যদি কোন প্রিভিলেজড পার্সন উল্লিখিত নিয়মে গাড়ী/ডিউরেবলস হস্তান্তর/সমর্পণ এবং পাশবই সমর্পণ ব্যতিরেকে বাংলাদেশ ত্যাগ করেন তবে বাংলাদেশে তার নিয়োগকারী সংস্থা প্রধান উল্লিখিত গাড়ী/ডিউরেবলস এবং পাশবই সমর্পণের জন্য দায়বদ্ধ হবেন।

উপযুক্ত কর্মকর্তা কর্তৃক উল্লিখিত সমর্পণকৃত পাশবই গ্রহণ এবং পাশবইয়ে অন্তর্ভুক্ত গাড়ী/ডিউরেবলস জাতীয় রাজস্ব বোড কর্তৃক নির্দেশিত পন্থায় বিক্রয়/হস্তান্তর সমর্পণ করা হয়েছে এই মর্মে সন্তুষ্টি অর্জন সাপেক্ষে উক্ত কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট প্রিভিলেজড পার্সন অথবা তার নিয়োগকারী সংস্থা প্রধানের অনুকূলে ক্লিয়ারেন্স সার্টিফিকেট ইস্যু করা হয়।

## ইস্যুকৃত পাশবইয়ের সংখ্যা (২০১৬ পর্যন্ত) :

- প্রিভিলেইজ পারসনদের অনুকূলে ইস্যুকৃত পাসবইয়ের : ১৮১৫টি
- বাতিল পাসবইয়ের সংখ্যা : ১০৯০টি
- মেয়াদ উত্তীর্ণ পাসবইয়ের সংখ্যা : ৩৯৫টি
- সচল পাসবইয়ের সংখ্যা : ৩৩০টি
- ডিইপিজেড পাসবইয়ের সংখ্যা : ৩৫০টি
- এইপিজেড পাসবইয়ের সংখ্যা : ৭০টি
- সমর্পণকৃত পাশবইয়ের সংখ্যা

## পাশবই শাখায় সংরক্ষিত রেজিস্টারসমূহ

- পাসবই ইস্যু রেজিস্টার
- গাড়ী ট্রান্সফার রেজিস্টার

## পাশবই শাখায় সংরক্ষিত নথিসমূহ

- পাসবই ইস্যু নথি ।
- পাসবই নবায়ন নথি ।
- গাড়ী ট্রান্সফার নথি ।
- জাতীয় রাজস্ব বোর্ডের সাথে পত্র যোগাযোগ নথি ।

## ডিপ্লোমেটিক বন্ড শাখার কার্যবলি :

(ক) Exemption Certificate ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউসে প্রেরণ : MOFA (Ministry of Foreign Affairs) হতে প্রাপ্ত কুটনৈতিকদের অনুকূলে ইস্যুকৃত Exemption Certificate সমূহ যুগ্ম কমিশনার মহোদয়ের অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট সহকারী/ডেপুটি কমিশনার এর স্বাক্ষরে ডিপ্লোমেটিক ওয়্যারহাউসের দায়িত্বপ্রাপ্ত বন্ড কর্মকর্তা এবং ডিপ্লোমেটিক বন্ডেড প্রতিষ্ঠানসমূহের বন্ডারগণের বরাবরে প্রেরণ করা ;

(খ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত বার্ষিক আমদানি প্রাপ্যতা 'Endorse' করা ;

(গ) কমিশনার মহোদয়ের অনুমোদনের আলোকে বন্ডেড ওয়্যারহাউস সমূহের নবায়ন, স্থায়ী অন্ত:বন্ড স্থানান্তর, রীট মামলা সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করা এবং ;

(ঘ) কমিশনার কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্য যে কোন দায়িত্ব পালন ।